# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

নথিনং- ঢাশিবো/বি/৬৪/জেএসসি/এসএসসি রেজি:/৩৩৩ তারিখ: ১৫/০৪/২০২৫

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ সালে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত এবং অনিয়মিত (যারা পাবলিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য ফরম পূরণ করেনি) শিক্ষার্থীর বিদ্যালয় পরিবর্তন/ছাড়পত্র গ্রহনের জন্য অনলাইনে আবেদন করার সময় সীমা স্মারক ইস্যুর তারিখ হতে ৩০/০৯/২০২৫ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো।

**অনলাইনে টিসি আবেদনের পদ্ধতি নিম্নরূপ:-**

১। প্রথমে ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েব সাইট **(www.dhakaeducationboard.gov.bd)** এ যেয়ে **e-TC** বাটনে ক্লিক করে টিসি আবেদন ফরম পূরণ করে Submit your Application বাটনে ক্লিক করতে হবে। আবেদন সাবমিট হওয়ার পর শিক্ষার্থী প্রদত্ত মোবাইল নম্বরে একটি গোপনীয় Security code সহ SMS পাবে এবং এই Security code দিয়ে শিক্ষার্থী পরবর্তীতে তার আবেদনে প্রবেশ করতে পারবে।

২। শিক্ষার্থী অনলাইনে আবেদন সাবমিট করার পর যে সোনালী সেবা স্লিপ পাবে সেটি প্রিন্ট নিবে এবং পরবর্তীতে ৫নং ক্রমিক অনুসারে সোনালী ব্যাংকের যে কোন অনলাইন শাখা হতে সোনালী সেবার স্লিপের মাধ্যমে টিসি ফি -৭০০/- (সাতশত) টাকা জমা দিবে।

৩। শিক্ষার্থী সঠিক ভাবে আবেদন সাবমিট করলে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান অর্থাৎ প্রথম শিক্ষা প্রতিষ্ঠান একটি SMS পাবে। তখন উক্ত শিক্ষা প্রতিষ্ঠান বোর্ডের ওয়েব সাইটেম গিয়ে OEMS এর মাধ্যমে Login করে Transfer Certificate অপশনে ক্লিক করলে TC আবেদন দেখতে পারবে। অত:পরউক্ত প্রতিষ্ঠান আবেদনটি Forward অথবা Reject করবে।

৪। প্রথম বিদ্যালয়/কলেজ আবেদনটি Forward করার পর টিসির জন্য আবেদনকৃত বিদ্যালয়/কলেজ অর্থাৎ ২য় বিদ্যালয়/কলেজ একই ভাবে OEMS এর মাধ্যমে Login করে Transfer Certificate অপশনে ক্লিক করলে আবেদন দেখতে পারবে। অত:পর উক্ত প্রতিষ্ঠান আবেদনটি Forward অথবা Reject করবে। ।

৫। টিসির জন্য আবেদনকৃত বিদ্যালয়/কলেজ অর্থাৎ ২য় বিদ্যালয়/কলেজ TC আবেদন Forward করলে শিক্ষার্থী একটি SMS পাবে তখন সে সোনালী সেবার মাধ্যমে TC ফি জমা দিবে। সোনালী সেবার স্লিপ বোর্ডে জমা দেওয়ার প্রয়োজন নাই এটি শিক্ষার্থী সংরক্ষণ করবে ।

৬। শিক্ষার্থী তার আবেদন কোথায় কোন অবস্থায় আছে জানার জন্য ঢাকা বোর্ডের ওয়েব সাইটে গিয়ে **e-TC** বাটনে ক্লিক করে Transfer Certificate Status এ গিয়ে তার আবেদনের অবস্থান জানতে পারবে।

৭। TC এর জন্য আবেদনকৃত বিদ্যালয়/কলেজ কর্তৃক আবেদন Forward এবং শিক্ষার্থী কর্তৃক ফি জমা দেওয়ার পর বোর্ড কর্তৃক TC আবেদন অনুমোদন বিবেচনা করা হবে। TC আবেদন অনুমোদন হলে শিক্ষার্থী একটি SMS পাবে। তখন বোর্ডের ওয়েব সাইট থেকে এটি প্রিন্ট নিয়ে বদলীকৃত প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে।

**বোর্ড পরিবর্তনর ৮ম শ্রেণির শিক্ষার্থীদের ছাড়পত্রের আবেদনের ক্ষেত্রে নির্দেশনা নিম্নরূপ:-**

১। একই সাথে বোর্ড পরিবর্তন ৭ম-৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্র প্রদানের কার্যক্রম ও চলবে তবে বোর্ড পরিবর্তন ও ৭ম-৮ম শ্রেণির শিক্ষার্থীদের ছাড় পত্রের আবেদন অনলাইনে সম্পন্ন হবে না । ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন হবে।

২। ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীকে অন্য যে কোন বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানে যেতে হলে ঢাকা বোর্ডের ওয়েব সাইট থেকে টিসি ফরম ডাউন লোড করে সঠিক ভাবে পূরণ করে উভয় বিদ্যালয়/কলেজ প্রধানের সুপারিশসহ এবং ফরমের নির্দেশনা মোতাবেক ঢাকা বোর্ডে জমা প্রদান করে একটি TN নম্বর সংগ্রহ করতে হবে ।

৩। অন্য যে কোন শিক্ষা বোর্ড থেকে আগত শিক্ষার্থীর একই ভাবে ফরম পূরণ করে টিসির মাধ্যমে ভর্তিচ্ছু বিদ্যালয়/কলেজ প্রধানের সুপারিশ এবং পূর্ববর্তী শিক্ষা বোর্ডের TC এর আদেশের কপিসহ ফরমের নির্দেশনা মোতাবেক ঢাকা বোর্ডে জমা প্রদান করে একটি TN নম্বর সংগ্রহ করতে হবে ।

৪। বোর্ড কর্তৃক টিসি আবেদন অনুমোদনের পর অনুমোদনের কপি বোর্ডের ওয়েব সাইট প্রকাশ করা হবে **(www.dhakaeducationboard.gov.bd)** শিক্ষার্থী বোর্ডের ওয়েব সাইটে গিয়ে **স্কুল সংক্রান্ত আদেশ/School Order** বাটনে ক্লিক করলে **Board Transfer (BTC/TC)** এ অফিস আদেশ দেখতে পারবে এবং TN অনুযায়ী প্রিন্ট দিয়ে বিদ্যালয়/কলেজে ভর্তি হতে পারবে।

চেয়ারম্যানমহোদয়েরআদেশক্রমে

১৫/০৪/২০২৫

**প্রফেসর কাজী ফয়জুর রহমান**

বিদ্যালয়পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড , ঢাকা।

E:\tc\TC NOTICE 2022.docx